

গুরুত্বপূর্ণ সংবাদ!

বেনেফিট বা সুবিধাগুলি ব্যবহার করলে তা কি একটি গ্রীন কার্ড পাওয়া বা একজন ইউ.এস. (U.S.) নাগরিক হয়ে ওঠার সম্ভাবনায় প্রতিকূল প্রভাব ফেলতে পারে?

ইউ.এস. (U.S.) সিটিজেন অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস বলে যে:

আপনার যদি এখনও একটি গ্রীন কার্ড না হয়ে থাকে

😊 সেক্ষেত্রে আপনি, আপনার শিশু বা পরিবারের অন্যান্য সদস্যরা যদি এগুলি ব্যবহার করেন, তা আপনার একটি গ্রীন কার্ড পাওয়ার সম্ভাবনার উপর প্রতিকূল প্রভাব ফেলবে না:

- স্বাস্থ্য সেবা, যেমনঃ মেডিকেইড, NJ ফ্যামিলিকেয়ার, WIC, জন্ম-পূর্ববর্তী পরিচর্যা, অন্যান্য বিনামূল্য বা কম খরচের মেডিক্যাল সেবা
- ফুড প্রোগ্রামগুলি, যেমনঃ ফুড স্ট্যাম্প, WIC, স্কুলের মীল এবং অন্যান্য খাদ্য সহায়তাগুলি
- অন্যান্য প্রোগ্রামগুলি যা নগদ অর্থ প্রদান করে না, যেমনঃ সরকারী আবাসন, দুর্যোগকালীন আশ্রয়, শিশু সেবা সংক্রান্ত পরিষেবাগুলি, চাকরীর প্রশিক্ষণ, পরিবহণের ভাউচারগুলি

☹️ পরে আপনার গ্রীন কার্ড পাওয়ার ক্ষেত্রে সমস্যা হতে পারে, শুধুমাত্র যদিঃ

- আপনি, আপনার শিশুরা বা পরিবারের সদস্যরা ক্যাশ ওয়েলফেয়ার বা কল্যাণকারী নগদ অর্থ ব্যবহার করেন, যেমনঃ প্রয়োজনযুক্ত পরিবারগুলির জন্য সাময়িক সহায়তা (TANF), সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (SSI), জেনারেল অ্যাসিস্টেন্স(GA)
- আপনি যদি একটা নার্সিং হোম বা অন্যান্য দীর্ঘ-মেয়াদী পরিচর্যাতে থাকেন যা মেডিকেইড বা অন্যান্য সরকারী ফান্ডের দ্বারা অর্থপ্রদানকৃত হচ্ছে

আপনার যদি ইতোমধ্যেই একটা গ্রীন কার্ড থাকে

😊 আপনি আপনার গ্রীন কার্ড হারাবেন না, যদি আপনি, আপনার শিশুরা বা পরিবারের অন্যান্য সদস্যরা এগুলি ব্যবহার করে থাকেনঃ

- মেডিকেইড বা NJ ফ্যামিলিক্যেয়ারের মত স্বাস্থ্য সেবা, ফুড প্রোগ্রামগুলি এবং নগদ অর্থ ছাড়া অন্যান্য প্রোগ্রামগুলি
- ক্যাশ ওয়েলফেয়ার বা নগদ অর্থে কল্যাণ
- দীর্ঘ-মেয়াদী পরিচর্যা

☹️ তবে আপনার একটা সমস্যা হতে পারেঃ

- যদি আপনি 6 মাসের বেশী সময়কাল ইউ.এস.(U.S.)-এর বাইরে থাকেন এবং ক্যাশ ওয়েলফেয়ার বা দীর্ঘ-মেয়াদী পরিচর্যা ব্যবহার করে থাকেন।
- বা খুব বিরল ক্ষেত্রে, আপনার ইউ.এস.(U.S.)-এতে থাকার প্রথম 5 বছরে, কোন কারণের জন্য (যেমন অসুস্থতা বা অসামর্থ্য) আপনি যদি ক্যাশ ওয়েলফেয়ার বা দীর্ঘ-মেয়াদী সেবা ব্যবহার করে থাকেন, যা আপনার এই দেশে প্রবেশের আগে থেকে ছিল।

আপনি যদি একজন উদ্বাস্তু বা আশ্রয়প্রার্থী হন

😊 আপনার গ্রীন কার্ড পাওয়ার সম্ভাবনার উপর কোন প্রভাব ছাড়াই আপনি ক্যাশ ওয়েলফেয়ার, মেডিকেইড বা NJ ফ্যামিলিক্যেয়ারের মত স্বাস্থ্য সেবা, ফুড প্রোগ্রাম ও নগদ অর্থ ছাড়া প্রোগ্রামগুলি সহ যে কোন বেনেফিট বা সুবিধা ব্যবহার করতে পারেন।

😊 ক্যাশ ওয়েলফেয়ার, মেডিকেইড বা NJ ফ্যামিলিক্যেয়ারের মত স্বাস্থ্য সেবা, ফুড প্রোগ্রাম ও নগদ অর্থ ছাড়া প্রোগ্রামগুলি সহ যে কোন আইনসম্মত বেনেফিট বা সুবিধা গ্রহণ করার জন্য আপনার ইউ.এস.(U.S.)-এর নাগরিকত্ব পাওয়ার বিষয়টিকে খারিজ করা যাবে না।

আপনি যদি আপনার আত্মীয়কে স্পন্সর করতে চান

😊 ক্যাশ ওয়েলফেয়ার, মেডিকেইড বা NJ ফ্যামিলিক্যেয়ারের মত স্বাস্থ্য সেবা, ফুড প্রোগ্রাম ও নগদ অর্থ ছাড়া প্রোগ্রামগুলি সহ বেনেফিট বা সুবিধাগুলি ব্যবহার করার জন্য আপনার আত্মীয়কে স্পন্সর করার ক্ষেত্রে কোন বাধা তৈরী হওয়া উচিত নয়।

তবে আপনাকে দেখাতে হবে যে, আপনি বা আপনার কো-স্পন্সর আপনার আত্মীয়কে সাপোর্ট করার মত যথেষ্ট আয় করেন।

পরিবারের সদস্যদেরকে তাদের শিশুদের জন্য হেল্থ কাভারেজের জন্য আবেদন করা কালে তাদের নিজেদের সোশ্যাল সিকিউরিটি নম্বরগুলি প্রদান করতে হবে না।

আবেদনে প্রদান করা তথ্যবলী গোপন রাখা হবে এবং তা কারো সাথে ভাগ করে নেওয়া হবে না।

NJ FAMILY CARE

সাশ্রয়ী হেল্থ কভারেজ। মানসম্পন্ন সেবা।

1-800-701-0710

TTY:711